ইস্টার্ণ রিফাইনারী পিএলসি
(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের একটি অঙ্গপ্রতিষ্ঠান)
উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪, বাংলাদেশ।
ই-মেইল: managerlp@erl.com.bd
পিএবিএক্স (চট্টগ্রাম): 02 333301261-67, এক্সটেনশন: 380, 381, 383
ফ্যাক্স: 02 333301269
ওয়েবসাইট: www.erl.gov.bd

স্মারক নং: ইআরপিএলসি/এলপি/আইএফই-০১/২০২৬ **তারিখ:** ০১ নভেম্বর, ২০২৬

সরবরাহকারী তালিকাভুক্তিকরণ বিজ্ঞপ্তি

নিম্নবর্ণিত পণ্যসামগ্রীর গ্রুপসমূহের জন্য আগামী ২ (দুই) পঞ্জিকা বছর (০১-০১-২০২৭ হতে ৩১-১২-২০২৮ পর্যন্ত) সরবরাহকারী হিসেবে তালিকাভুক্তির লক্ষ্যে প্রকৃত সরবরাহকারী/স্টকিস্ট/ডিলার/এজেন্ট/প্রস্তুতকারক প্রতিষ্ঠানের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

নির্ধারিত আবেদন ফরম উপরোক্ত ঠিকানায় অবস্থিত হিসাব বিভাগ থেকে অফিস চলাকালীন সময়য় প্রতি সেট ৫০০.০০ (পাঁচশত) টাকা নগদ পরিশোধের মাধ্যমে সংগ্রহ করা যাবে। উক্ত অর্থ অফেরতযোগ্য। আবেদন ফরম সংগ্রহের শেষ সময় ২৫-১১-২০২৬ তারিখ বিকাল ৩:০০ ঘটিকা।

তালিকাভুক্তির জন্য পণ্যসামগ্রীর গ্রুপসমূহ:

১। গ্রুপ-এ	:	হার্ডওয়্যার এন্ড ইলেকট্রিক্যাল
২। গ্রুপ-বি	:	প্রিন্টিং এন্ড স্টেশনারীজ
৩। গ্রুপ-সি	:	কেমিক্যালস এন্ড ল্যাব ইকুইপমেন্ট
৪। গ্রুপ-ডি	:	কম্পিউটার এন্ড এক্সেসরিজ
৫। গ্রুপ-ই	:	অটোমোবাইলস (যন্ত্রাংশ, টায়ার ও ব্যাটারিসহ)
৬। গ্রুপ-এফ	:	ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ

নির্ধারিত আবেদন ফরমে উল্লিখিত কাগজপত্র/দলিলাদি/তথ্যসহ পূরণকৃত আবেদনপত্র উপরোক্ত ঠিকানায় অবস্থিত ক্রয় বিভাগে সংরক্ষিত বাক্সে ২৬-১১-২০২৬ তারিখ দুপুর ২:০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে। উক্ত আবেদনপত্রসমূহ ২৬-১১-২০২৬ তারিখ দুপুর ২:৩০ ঘটিকায় খোলা হবে।

এখানে উল্লেখ্য যে, আবেদনকারীগণের আবেদন পত্র যাচাই-বাছাই পূর্বক প্রাথমিকভাবে নির্বাচিত প্রতিষ্ঠান সমূহের তালিকা প্রকাশিত হবার পর তালিকাভূক্তিকরণ ফি বাবদ টাকা ৫,০০০.০০ (অফেরতযোগ্য), নিরাপত্তা জামানাত বাবদ টাকা ৫,০০০.০০ (ফেরতযোগ্য) ও নবায়ন ফি বাবদ টাকা ২,০০০.০০ (অফেরতযোগ্য) (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট) ক্রয় শাখায় জমা করতে হবে।

আবেদনকারী প্রতিষ্ঠানের সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) টেন্ডারে অংশ গ্রহণের জন্য (e-GP Registration) থাকা আবশ্যক।

ক্রয়কারী কর্তৃপক্ষ আবেদনকারীর আবেদনপত্র যাচাই-বাছাই সাপেক্ষে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র গ্রহণ বা প্রত্যাখ্যান করার এবং যেকোনো সরবরাহকারীকে তালিকাভুক্ত না করার অধিকার সংরক্ষণ করে।

02-11-2026

(মোঃ শিহাবুল ইসলাম)
ব্যবস্থাপক (ক্রয়)
ইস্টার্ণ রিফাইনারী পিএলসি

Saif